# পঞ্চম উপজেলা পরিষদের ২৯ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১৮ অক্টোবর ২০২১
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মূখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে সেপ্টেম্বর, ২০২১ মাসে উপজেলা পরিষদের ০৪ টি (মাধ্যমিক শিক্ষা/প্রাথমিক শিক্ষা/জনস্বাস্থ্য ও যোগাযোগ) স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। তন্মধ্যে শিক্ষা ও যোগাযোগ খাতে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (১) স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে।<br>(২) শিক্ষা ও যোগাযোগ খাতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে। | ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৩ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্থাপন | আলোচ্য মাসে নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরার্মশ না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, করোনা ভাইরাস (কোভিড- ১৯) এ কানাইঘাট উপজেলায় ভ্যাকসিন গ্রহণের আগ্রহ খুবই বেড়েছে ১ম ডোজ অ্যাস্ট্রজেনেকা ও সিনোফার্মা ভ্যাকসিন গ্রহণ করেছে ৪৮,৩৬৭ জন, ২য় ডোজ গ্রহণ করেছে ৩০,১৭৭ জন, বর্তমানে ১৪,২৯০ টি ভ্যাকসিন মজুদ রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৬ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার হারাতৈল উপর বড়াই সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সর্দারমাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের | জরুরী ভিত্তিতে পুরাতন/ জরাজীর্ণ বিদ্যালয়ের ভবনগুলো অপসারণ ও নিলাম করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পুরাতন/জরাজীর্ণ ভবন মারাত্মক ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত ভবনগুলো অপসারণ ও নিলাম করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,০৭ নং ইউ/পি জানান, দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের অর্ন্তগত সর্দারমাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন/জরাজীর্ণ ভবনটি মারাত্মক ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে এবং ভবনটি দ্রুত অপসারণ ও নিলাম করা প্রয়োজন। | | কানাইঘাট, সিলেট |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক বিভাগের কাযক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (ক) উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এ.ডি.পি) এর খাতওয়ারি বিভাজন পূর্বক বর্ণিত বিভাজনের আলোকে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষন করেন।<br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, বাংলাদেশ সরকার ও জাইকার অর্থায়নে পরিচালিত স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে উপজেলার বিভিন্ন কমিটি হতে মোট ১৩টি সক্ষমতা বৃদ্ধিমূলক (প্রশিক্ষণ) উপ- প্রকল্প উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে (পিএসসি) প্রেরণ করে। প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) প্রকল্পগুলো জনগুরুত্বপূর্ণ বিবেচনায় যাচাই বাছাই করতঃ ০৬ (ছয়)টি উপ-প্রকল্প নির্বাচন করে। নির্বাচিত সক্ষমতা বৃদ্ধিমূলক (প্রশিক্ষণ) উপ-প্রকল্পগুলো সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। উপ-প্রকল্প সমূহ হচ্ছে : (ক) দুর্ঘটনা প্রতিরোধে সিএনজি ও অটোরিক্সা চালকদের সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ বাবদ ১৯৫৬৪০.০০ টাকা; (খ) প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে ডিজিটাল কনটেন্ট-এর মাধ্যমে শ্রেণীতে পাঠদান করানোর কৌশল বিষয়ক প্রশিক্ষণ বাবদ ১৯৩২০৫.০০ টাকা; (গ) ই-নথি এবং ওয়েব পোর্টাল বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ বাবদ ১৯৩২০৫.০০ টাকা; (ঘ) মাধ্যমিক শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে ইংরেজি শিক্ষা ও ডিজিটাল কনটেন্ট বিষয়ে | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকল্প তালিকা কাজ জরুরী ভিত্তিতে দাখিল করতে হবে।<br>(খ) উপস্থাপিত ০৬ (ছয়)টি সক্ষমতাবৃদ্ধিমূলক (প্রশিক্ষণ) ভ্যাট-ট্যাক্সসহ ১০,৬০,৮৯৫.০০ (দশ লক্ষ ষাট হাজার আটশত পচানব্বই) টাকার প্রকল্প অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলী ও প্রকল্প কর্মকর্তা (ইউডিএফ) এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(গ) উপস্থাপিত ০২ (দুই)টি অবকাঠামো মূলক ভ্যাট-ট্যাক্সসহ ৪৭,৪৪,৪৪১.০০ (সাতচল্লিশ লক্ষ চুয়াল্লিশ হাজার চারশত একচল্লিশ) টাকার প্রকল্প অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলী ও প্রকল্প কর্মকর্তা (ইউডিএফ) এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী; প্রকল্প কর্মকর্তা (ইউডিএফ), কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা; (ঙ) কর্মকর্তা ও কর্মচারীদের দূর্নীতি বিরোধী ও শুদ্ধচার জাগ্রতকরণ বিষয়ক প্রশিক্ষণ বাবদ ১২৭৭৪৩.০০ টাকা; (চ) সচেতনতা সৃষ্টির লক্ষে হোটেল মালিক ও কর্মচারীদের নিরাপদ খাবার ও স্যানিটেশন বিষয়ক প্রশিক্ষণ বাবদ ১৯৫৭১৪.০০ টাকাসহ সর্বমোট (ভ্যাট ও ট্যাক্সসহ) ১০,৬০, ৮৯৫.০০ টাকা।<br>(গ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বাংলাদেশ সরকার ও জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে কানাইঘাট উপজেলায় ভ্যাট-ট্যাক্স ব্যতীত ৪০,০০০০০/- টাকার বিভিন্ন অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা চাওয়া হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন স্থায়ী কমিটি, ইউডিসিসি ইত্যাদি হতে ৫(পাঁচ)টি অবকাঠামো উন্নয়ন উপ- প্রকল্প উপজেলা প্রকল্প নির্বাচন কমিটিতে (পিএসসি) প্রেরণ করে। পিএসসি কর্তৃক প্রকল্পগুলো যাচাই বাছাই করে ০২ (দুই) টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প নির্বাচন করে । অবকাঠামো উপ-প্রকল্পগুলো উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন করা প্রয়োজন। অবকাঠামো উপ-প্রকল্প গুলোর মধ্যে কানাইঘাট উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্লাষ্টিকের উচু-নিচু বেঞ্চ সরবরাহ বাবদ ৩৩,৪০,০০০.০০ (তেত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং উপজেলার বিভিন্ন রাস্তার পাশে স্ট্রিট লাইট স্থাপন বাবদ ১৪,০৪,৪৪১.০০ (চৌদ্দ লক্ষ চার হাজার চারশত একচল্লিশ) টাকাসহ সর্বমোট ভ্যাট-ট্যাক্সসহ ৪৭,৪৪,৪৪১.০০ (সাতচল্লিশ লক্ষ চুয়াল্লিশ হাজার চারশত একচল্লিশ) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | | |
| ১০ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি আমন মৌসুমে ১৫,৩৬৮ হেক্টর জমিতে আমন ধানের চাষাবাদ হয়েছে এবং কোন ধরনের প্রাকৃতিক দুর্যোগ না ঘটলে আমন ধানের বাম্পার ফলন হবে মর্মে সভাকে অবহিত করেন। তাছাড়া ২০২১-২০২২ মৌসুমে ফসলের আবাদ বৃদ্ধির লক্ষে প্রনোদনা কর্মসূচির আওতায় ৭টি ফসলের ৯০৫ জন কৃষককে মধ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, ০৪-২৫ অক্টোবর, ২০২১ পর্যন্ত মা ইলিশের প্রধান প্রজনন মৌসুম। উক্ত সময়ে ইলিশ মাছ বাজারজাত ও বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা | ০৪-২৫ অক্টোবর, ২০২১ পর্যন্ত সময়ে ইলিশ মাছ বাজারজাত ও বিক্রয় বন্ধে সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | হবে। | |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আধুনিক প্রযুক্তিতে গরু পুষ্টিকরণ প্রকল্পের আওতায় ২৫জন খামারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে শেখ ফজিলাতুন্নেছা মুজিব ট্রেনিং সেন্টার নির্মাণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে টিআর/কাবিখা/কাবিটা ও কর্মসৃজন প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে। শীঘ্রই প্রকল্পের কার্যক্রম শুরু করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি সভায় জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারিথী চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষযক কর্মকর্তার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৭ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-২ বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ২০ | তথ্য আপা প্রকল্প | তথ্য আপা প্রকল্পের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ২১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্যমাসে ১০ সমিতির নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তাছাড়া আগামী ০৬ নভেম্বর, ২০২১ তারিখে জাতীয় সমবায় দিবস উদযাপনে সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। | জাতীয় সমবায় দিবস উদযাপনে সকলের সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর, ২০২১ মাসে ০২ (দুই)টি ব্যাচে মোট ৬০ (ষাট) জন যুবক/যুবতীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। তাছাড়া আগামী ০১লা নভেম্বর, ২০২১ তারিখে জাতীয় যুব দিবস উদযাপনে সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। | জাতীয় যুব দিবস উদযাপনে সকলের সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ৯টি ইউনিয়নের | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫৪ জন পরীক্ষকের তালিকা ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গিয়াছে। শীঘ্রই তাদেরকে প্রশিক্ষণ দেওয়া হবে এবং তারা উপজেলার সকল নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করবে। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরের সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ এবং হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দ পাওয়া গিয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | | কানাইঘাট, সিলেট |
| ২৪ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি সেপ্টেম্বর নভেম্বর প্রান্তিকে খাদ্যবান্ধব কর্মসূচীতে ১২৫টি উপকারভোগী পরিবার নতুনভাবে যুক্ত হয়েছে। বর্তমানে উপজেলায় ১৯৮৯টি উপকারভোগী পরিবারের মধ্যে ১০ টাকা কেজি মূল্যে ৩০ কেজি পুষ্টি চাল সরবরাহ করা হচ্ছে। আগামী আমন মৌসুমে কানাইঘাট উপজেলায় কৃষকে অ্যাপ এর মাধ্যমে ধান সংগ্রহ করা হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১২২৯.৫০ লক্ষ টাকা চলতি অর্থ বছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১২২৯.৫০ লক্ষ টাকা এর মধ্যে সেপ্টেম্বর/২১ মাসে ঋণ বিতরণ হয়েছে ৪৪.০৭ টাকা ঋণ আদায় হয়েছে। আদায়ের হার ৩৩%। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | | |
| ২৭ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক)অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | জঙ্গীবাদ বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয় সভায় জানান যে, জঙ্গীবাদ বিষয়ে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে সাধারণ জনগণকে সচেতন করার জন্য ইউ/পি চেয়ারম্যান ও ইউ/পি সদস্যগণের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন। | জঙ্গীবাদ বিষয়ে জনগণকে সচেতন করতে হবে। ইউ/পি চেয়ারম্যানগণ সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা সকল ইউ/পি চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২৯ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০৮ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৮ টি এবং ১৭৫ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩০ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে কোভিড-১৯ এর ২য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা হ্রাস পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে জীবনমান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।<br>আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) কেউ যদি মাস্ক না পরে তাহলে তাকে আইনের আওতায় নিয়ে আসতে হবে।<br>(ঘ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(ঙ) স্বাস্থ্যবিধির নিয়ম মেনে মসজিদে নামাজ আদায় করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩১ | বন বিভাগ | আলোচনাকালে সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ঝুঁকিপূর্ণ গাছগুলো | উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ঝুঁকিপূর্ণ গাছগুলো | উপজেলা প্রকৌশলী ও বিট কর্মকর্তা, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অপসারণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি মহোদয় সভায় জানান যে, কিছুদিন পূর্বে উপজেলা পরিষদের সরকারি জীপগাড়ীর পার্শ্বে একটি ইউক্যালিটপাস গাছ হঠাৎ করে উপড়ে পড়ে। অল্পের জন্য পরিষদের সরকারি জীপগাড়ীটি রক্ষা পায়। ফলে জরুরী ভিত্তিতে এধরনের ঝুঁকিপূর্ণ গাছগুলোর প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পরামর্শ প্রদান করেন। | গাছগুলোর প্রাক্কলন প্রস্তুত পূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কানাইঘাট, সিলেট |
| ৩২ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও যন্ত্রপাতি ক্রয়; (গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই হতে অক্টোবর ২০২১ মাসের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (ঙ) পাম্প চালক, মালি ও সুইপারের জুলাই হতে অক্টোবর ২০২১ মাসের বেতন-ভাতা; (চ) উপজেলা পরিষদের বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রকাশনা ব্যয় নির্বাহ বাবদ ১,০০,০০০/- টাকা; (ছ) উপজেলা পরিষদের অক্টোবর মাসের আপ্যায়ন ব্যয়; (জ) আনুষাঙ্গিক ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮।১০।২০২১

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

০৪ কার্তিক ১৪২৮

স্মারক নম্বর : ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৪৫(৩৬)

১৮ অক্টোবর ২০২১

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা --------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ----------------------------- ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব----------------------------------- কানাইঘাট, সিলেট

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কানাইঘাট, সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব খাদিজা বেগম | ভাইসচেয়ারম্যান(মহিলা)উপজেলাপরিষদ,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো ঃ ফয়াজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব জেমস লিও ফারগুশন নানকা | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আলী হোসেন কাজল | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আব্দুল মন্নান | চেয়োরম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মাসুদ আহমদ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব ফখরুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ সুবল চন্দ্র দাস | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব হায়দার আলী | উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ মো ঃ ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব কারিশমা আহমেদ জাকসি | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব এ.কে.এম রিয়াজ মাহমুদ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো : কামাল উদ্দিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মো ঃ আব্দুল আওয়াল | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ আব্দুর রউফ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ পনিরুজ্জামান | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

**পরিশিষ্ট "খ"**

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০৪ নং সাতবাঁক ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান, ০৬ নং কানাইঘাট সদর ইউ/পি কানাইঘাট,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৪ | অফিসার ইনচার্জ,কানাঘাট থানা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | নারী সংরক্ষিত সদস্য,উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৬ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৯ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট |
| ১০ | উপজেলা তথ্য আপা প্রকল্প,কানাইঘাট,সিলেট |